

অর্থ বিভাগের কার্যাবলী

- (ক) কর্তৃপক্ষের সংশ্লিষ্ট বিভাগসমূহের সঙ্গে আলোচনা করে রাজস্ব বাজেট প্রণয়ন ও এতদসংক্রান্ত যাবতীয় কার্যক্রম গ্রহণ;
- (খ) বিভিন্ন রাজস্ব আদায় কেন্দ্রসমূহের প্রকৃত রাজস্ব আদায় পর্যবেক্ষণ ও পরীক্ষাকরণ এবং রাজস্ব বৃদ্ধিকল্পে প্রস্তাব উপস্থাপন;
- (গ) কর্তৃপক্ষের উন্নয়ন প্রকল্পসমূহের আর্থিক দিকসমূহ পরীক্ষা করা;
- (ঘ) নতুন আয়ের খাত সৃষ্টি এবং নতুন ব্যয়ের ক্ষেত্রসমূহ পরীক্ষা ও যাচাই করা;
- (ঙ) আর্থিক রেগুলেশন প্রণয়ন;
- (চ) কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন সার্ভিসের টোল, ফিস, চার্জস-এর হার নির্ধারণের প্রস্তাব পরীক্ষা করা;
- (ছ) কর্তৃপক্ষের বাজেট, ঋণ, অনুদান তহবিল ছাড় এবং ঋণদায় (ডিএসএল) সহ সকল আর্থিক বিষয়ে সরকার এবং অন্যান্য বিভাগের সঙ্গে সংযোগ রক্ষা করা এবং স্থানীয় ও আন্তর্জাতিক টেন্ডার মূল্যায়ন;
- (জ) যানবাহন, জলযান, আমদানী সংশ্লিষ্ট বীমাসহ কর্তৃপক্ষের বীমা সম্পর্কিত কার্যাদি সম্পাদন করা সহ অন্যান্য কাজ।